



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/19/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল লবিং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশনের জন্য পুনরায় মনোনয়নপ্রাপ্ত ব্যক্তির নাম ঘোষণা করলেন

জনগণের মতামত জমা দেওয়া যাবে [এখানে](#)

গভর্নর ক্যাথি হোকল আজকে লবিং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশনের সদস্য, মাইকেল এ কার্ডোজোকে পুনরায় মনোনয়ন প্রদানের ঘোষণা করেছেন। এই মনোনীত ব্যক্তি সম্পর্কে মতামত দেওয়ার জন্য জনগণ তিন সপ্তাহ সময় পাবে, এরপর তাকে স্বাধীন পর্যালোচনা কমিটির সামনে উপস্থাপন করা হবে।

"লবিং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশনটি একটি স্বাধীন, ন্যায়পরায়ণ নৈতিকতা এজেন্সি যা নিউ ইয়র্কবাসীর জন্য আরো বেশি স্বচ্ছতা ও দায়বদ্ধতা প্রদান করে এবং সরকারের উপর আস্থা পুনঃস্থাপন করতে সাহায্য করে," **গভর্নর হোকল বলেন।** "সুসম্মানিত, স্বাধীন আইন বিশেষজ্ঞ, মাইকেল এ কার্ডোজোকে স্বাধীন পর্যালোচনা কমিটির বিবেচনার জন্য কমিশনের জন্য পুনরায় মনোনীত করতে পেরে আমি গর্বিত, এবং কমিশন ও কমিটিকে সফলভাবে তাদের মিশন সম্পূর্ণ করা নিশ্চিত করতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় যেকোনো সমর্থন প্রদান করার ব্যাপারে আমি প্রতিশ্রুতিবদ্ধ আছি।"

লবিং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশনে দায়িত্ব পালন করার জন্য মাইকেল এ কার্ডোজোকে পুনরায় মনোনীত করা হয়েছে। মি. কার্ডোজো একজন সাবেক নিউ ইয়র্ক সিটি পরিষদের কাউন্সেল এবং বর্তমানে তিনি লবিং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশনে দায়িত্ব পালন করছেন। নিউ ইয়র্ক সিটির সবচেয়ে দীর্ঘ সময় ধরে দায়িত্ব পালনকারী কর্পোরেশন কাউন্সেল হিসেবে, মি. কার্ডোজো সিটির 700 জন আইনজীবী বিশিষ্ট আইন বিভাগকে 2002 সাল থেকে 2013 সাল পর্যন্ত নেতৃত্ব দিয়েছেন, যেখানে তিনি মেয়রের, সিটির এবং এটির সব সংস্থার আইনি কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করেছেন। বহু নাগরিক সংগঠনের বোর্ডে তার নেতৃত্বান্বিত পদ রয়েছে, যেমন সিটিজেন্স ইউনিয়ন, ফান্ড ফর মডার্ন কোর্টস এবং লিগ্যাল আউটরিচের উপদেষ্টা বোর্ড, এছাড়াও নিউ ওয়র্ক স্টেটের বিধানিক, জুডিশিয়াল এবং নির্বাহী ক্ষতিপূরণ বিষয়ক কমিশনের সভাপতিত্ব করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রধান বিচারপতি তাকে নিয়োগদান করেছিলেন।

পুনরায় মনোনয়ন সম্পর্কে জনগণের মতামত [অনলাইনে](#) জমা দেওয়া যাবে।

[2022 স্টেট অফ দ্য স্টেট](#) এজেন্ডার অংশ হিসেবে গভর্নর হোকল প্রথম সরকারি নীতির যৌথ কমিশনকে একটি নতুন স্বাধীন নৈতিকতা এজেন্সি দ্বারা প্রতিস্থাপিত করার প্রস্তাব প্রদান করেন। লবিং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশন তৈরি করার বিধিমালাটি আইনসভার উভয় সভায় পাশ করা হয় এবং 9 এপ্রিল, 2022 তারিখে গভর্নর হোকল কর্তৃক [আইন হিসেবে স্বাক্ষর করা হয়](#)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)